গ্রামীণ পরিবার সমীক্ষার চূড়ান্ত তালিকা গ্রাম সংসদে প্রকাশের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত দাবি/ আপত্তি সংক্রান্ত শুনানি/ তদন্তের জন্য নির্দেশিকা

১। ৩১ শে আগস্ট, ২০০৭ পর্যন্ত প্রাপ্ত দাবি/ আপত্তিসমূহ প্রথমে গ্রাম সংসদ অনুযায়ী পৃথক খামে/ মোড়কে রাখতে হবে। প্রতি খামে নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি স্লিপ আটকাতে হবে: -

ক) গ্রাম সংসদ/ গ্রামের নাম এবং গ্রাম সংসদের ক্রমাঙ্ক

খ) মৌজার নাম

গ) খামের মধ্যে রাখা আবেদনগুলি অনুযায়ী দাবি/ আপত্তির মোট সংখ্যা

২। অতঃপর, ঐ খামগুলি গ্রাম পঞ্চায়েত অনুযায়ী বান্ডিল করতে হবে। প্রতি বান্ডিলে নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি ট্যাগ লাগাতে হবে: -

ক) গ্রাম পঞ্চায়েতের নাম

খ) গ্রাম সংসদের সংখ্যা

গ) যে কটি গ্রাম সংসদে দাবি/ আপত্তি জমা পড়েছে, তার সংখ্যা

ঘ) গ্রাম সংসদ অনুযায়ী খামের সংখ্যা [(গ) এবং (খ) পরস্পরের সমান হবে]

ঙ) যে কটি গ্রাম সংসদে দাবি/ আপত্তি জমা পড়েনি, তার সংখ্যা

চ) গ্রাম পঞ্চায়েতটির অন্তর্গত সকল গ্রাম সংসদের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত মোট দাবি/ আপত্তির

সংখ্যা

৩। যাতে কোন দাবি/ আপত্তি বাদ না যায়, পূর্বের নির্দেশ অনুযায়ী ঐ তথ্যগুলি লিপিবদ্ধ করবার জন্য গ্রাম পঞ্চায়েত ভিত্তিক একটি খাতা (রেজিস্টার) রাখা হচ্ছে। গ্রাম সংসদ অনুযায়ী খামে রাখা মোট দাবি/ আপত্তির সংখ্যার সাথে ঐ খাতায় লিপিবদ্ধ তথ্য বাস্তবে প্রাপ্ত দাবি/ আপত্তির মোট সংখ্যা অভিন্ন হওয়া আবশ্যিক। প্রতিটি গ্রাম পঞ্চায়েতের জন্য গ্রাম সংসদ অনুযায়ী খামগুলি আর একটি বড় খামে ঢুকিয়ে ব্লক কার্যালয়ে পাঠাতে হবে। ঐ খামে নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি স্লিপ আটকাতে হবে: -

ক) গ্রাম সংসদের সংখ্যা

খ) প্রাপ্ত দাবি/ আপত্তির সংখ্যা

৪। গ্রাম সংসদ অনুযায়ী দাবি/ আপত্তির শুনানি এবং নিষ্পত্তির তারিখ চূড়ান্ত করতে হবে। যাতে প্রতিদিন অনধিক পঞ্চাশটি পরিবারের শুনানি ও তার নিষ্পত্তি করা যায় তা মাথায় রেখে তারিখ ধার্য করতে হবে। ফলতঃ, গ্রাম সংসদ অনুযায়ী যত দাবি/ আপত্তি জমা পড়েছে তার সংখ্যার ভিত্তিতে শুনানির তারিখ চূড়ান্ত করতে হবে (উদাহরণস্বরূপ, যদি কোন গ্রাম সংসদে পঞ্চাশের বেশি এবং একশতের কাছাকাছি দাবি/ আপত্তি জমা হয়ে থাকে, তা হলে ঐ গ্রাম সংসদের দাবি/ আপত্তির শুনানির জন্য অন্ততঃ দুইটি দিন ধার্য করতে হবে)।

৫। দাবি/ আপত্তির নিষ্পত্তি দুইটি পর্যায়ে হবে: -

ক) গ্রাম সংসদ স্তরে শুনানি এবং অতঃপর

খ) প্রয়োজনে সংশ্লিষ্ট বাসভবনটি পরিদর্শন। পরিদর্শন/ তদন্তকারী দলকে সরেজমিনে ঐ পরিবারটির সঠিক আর্থ-সামাজিক অবস্থান গ্রামীণ পরিবার সমীক্ষার সবকটি মাপকাঠির নিরিখে যথাযথ পরিদর্শনের মাধ্যমে মূল্যায়ন করতে হবে।

৬। গ্রাম সংসদ এলাকায় সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে শুনানির সঠিক তারিখ জানিয়ে ব্যাপক প্রচার করতে হবে। ঐ প্রচার শুনানির তারিখের আগের দিন পর্যন্ত চালিয়ে যেতে হবে, যাতে কোন দাবিদার/ দরখাস্তকারী শুনানির দিনে তাঁর ব্যক্তিগত কারণে উপস্থিত না হয়ে থাকলে, শুনানির তারিখ জানেন না এমন কথা বলতে বা অভিযোগ জানাতে না পারেন।

৭। যদি কোন দাবিদার/ দরখাস্তকারী শুনানিতে/ তদন্তকারী দলের সামনে উপস্থিত না হন, তাহলে তাঁর দরখাস্ত, তাঁর বক্তব্য ছাড়াই, তাঁর প্রতিবেশীদের কাছ থেকে পাওয়া ঐ পরিবারের আর্থ-সামাজিক অবস্থান সম্পর্কীয় তথ্যের ভিত্তিতে, অথবা ঐ পরিবারের বাসভবন পরিদর্শনের মাধ্যমে তদন্তকারী দল নিষ্পত্তি করবেন।

৮। শুনানি/ তদন্তের দিনে, শুনানি/ তদন্তের জন্য নির্দিষ্ট স্থানে গ্রাম উন্নয়ন সমিতির সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে হবে। স্বনির্ভর দলের নেতৃবৃন্দকেও বাস্তব-অবস্থান ভিত্তিক তথ্য দেওয়ার জন্য উপস্থিত থাকতে অনুরোধ করা যেতে পারে। অবশ্য, বিভিন্ন মাপকাঠি অনুযায়ী নম্বর দেওয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত সম্পূর্ণভাবে তদন্তকারী আধিকারিক/ আধিকারিকবৃন্দের উপর নির্ভর করবে।

৯। ব্লক করণের কোন সম্প্রসারণ আধিকারিকের নেতৃত্বে একটি শুনানি/ তদন্তকারী দল গঠন করতে হবে। একটি দল নির্ঘন্ট অনুযায়ী একাধিক গ্রাম সংসদের শুনানি/ তদন্ত করতে পারেন। অতএব, শুনানি/ তদন্তের কাজ শেষ করবার নির্দিষ্ট দিন এবং শুনানির জন্য উপলব্ধ কর্মচারীদের সংখ্যা মাথায় রেখে সংশ্লিষ্ট ব্লক তাঁদের নিজস্ব নির্ঘন্ট তৈরি করবেন। প্রয়োজন হলে গ্রাম পঞ্চায়েতের কর্মচারীদের শুনানি/ তদন্তকারী দলে রাখা যেতে পারে; তবে ঐ কর্মচারীদের নিজের গ্রাম পঞ্চায়েতে নিযুক্ত করা যাবে না।

১০। এই দলটি একসাথে গ্রাম সংসদে যাবেন এবং শুনানি/ তদন্তের কাজ শেষ করবেন। যে সকল পরিবারের সম্পর্কে দাবি/ আপত্তি পাওয়া গেছে, তাঁদের সম্পর্কে গ্রামীণ পরিবার সমীক্ষার মূল প্রতিবেদন দলটিকে দেওয়া হবে।

১১। যে সমস্ত পরিবারের সম্পর্কে দাবি/ আপত্তি পাওয়া গেছে, প্রয়োজন হলে পরিদর্শন/ তদন্তকারী দলকে, ঐ পরিবারগুলির বাসভবন পরিদর্শন করে তাঁদের বাস্তবিক আর্থ-সামাজিক অবস্থান সম্পর্কে সঠিক তথ্য আহরণ করতে হবে। সংশ্লিষ্ট বাসভবন পরিদর্শন জরুরী হতে পারে, কেননা অন্যথায় শুনানি/ তদন্তকারী আধিকারিক ঐরূপ পরিবারের বাস্তবিক আর্থ-সামাজিক অবস্থান সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্তে উপনীত হতে সক্ষম হবেন না।

১২। শুনানি/ তদন্ত শেষ হয়ে গেলে, প্রতিটি পরিবারের জন্য নূতন নিদর্শে সব কয়টি মাপকাঠি এবং অন্যান্য তথ্য দিয়ে যেমন নাম/ পিতার নাম/ গ্রাম সংসদ/ মৌজা ইত্যাদি, পূরণ করতে হবে। প্রতিটি সঠিকভাবে পূরণ করা নিদর্শের নিচে তদন্তকারী আধিকারিকগণের মধ্যে একজন তাঁর পদের নাম সহ স্বাক্ষর করবেন।

১৩। শুনানি/ তদন্ত শেষ হয়ে গেলে, প্রত্যেক গ্রাম সংসদের জন্য পৃথকভাবে পূরণ করা নিদর্শগুলি একটি মোড়কে রাখতে হবে। প্রতি মোড়কে নিম্নলিখিত তথ্য সম্বলিত একটি স্লিপ আটকাতে হবে: -

ক) গ্রাম সংসদ/ গ্রামের নাম

খ) গ্রাম সংসদের ক্রমাঙ্ক

গ) মৌজার নাম

ঘ) যে সকল দাবির শুনানি/ তদন্ত হয়েছে, তার সংখ্যা

ঙ) যে সকল দাবির নিষ্পত্তি হয়েছে, তার সংখ্যা

চ) যে সকল শুনানি/ তদন্ত হয়েছে, তার সংখ্যা

ছ) যে সকল অভিযোগের নিষ্পত্তি হয়েছে, তার সংখ্যা

জ) যে সকল দাবি/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে, তার মোট সংখ্যা

১৪। ব্লক স্তরে তথ্যভান্ডারে শুনানি/ তদন্তের চূড়ান্ত প্রতিবেদন অনুযায়ী সংশোধন/ সংযোজন/ বাতিল করা হবে। এর জন্য একটি সফ্টওয়্যার যথাসময়ে প্রেরণ করা হবে। সংশোধিত তথ্য ভান্ডার জেলাগুলি ব্লক অনুযায়ী কমপ্যাক্ট ডিস্ক রাজ্যে পাঠাবেন, যাতে সংশোধিত তথ্য কেন্দ্রীয় তথ্যভান্ডারে অন্তর্ভূক্ত করা যায়। অতএব নিম্নলিখিত চেক লিস্ট অনুসরণ করতে হবে: -

ক) গ্রাম পঞ্চায়েত স্তরে রেজিস্টার পরীক্ষা - যাতে ৩১ শে আগস্ট, ২০০৭ পর্যন্ত প্রাপ্ত সবকটি দাবি/ আপত্তি লিপিবদ্ধ হয়েছে কি না তা নিশ্চিত করা যায়।

খ) গ্রাম পঞ্চায়েত অনুযায়ী খাম যথাযথভাবে গৃহীত হয়েছে কি না এবং তাতে গ্রাম সংসদ অনুযায়ী খাম আছেড কিনা।

গ) শুনানি/ তদন্তের সুষ্ঠ নির্ঘন্ট প্রস্তুত করা

ঘ) শুনানির দিনের ব্যাপক প্রচার

ঙ) যোগ্য শুনানি/ তদন্তকারী আধিকারি নির্বাচন এবং সুসংহত দল গঠন।

চ) শুনানি তদন্তকারী আধিকারিকগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা - যাতে তাঁরা প্রতিটি মাপকাঠি, তার নম্বরের বন্টন এবং পদ্ধতি সম্পর্কে পর্যাপ্ত পরিমাণে অবগত হন।

ছ) ব্লক স্তরে আধিকারিগণের মধ্যে পারস্পরিক আলোচনা পূর্বের ব্যবস্থা করা যাতে যদি কোন অস্পষ্টতা থেকে গিয়ে থাকে, তা দূরীভূত হয়।

জ) বারটি মাপকাঠিরই প্রয়োজনীয় দিকগুলি নিয়ে একটি সংক্ষিপ্ত টিকা প্রস্তুত করা। এর অনুলিপি শুনানি/ তদন্তকারী আধিকারিকগণের হাতে, তাঁরা কোন গ্রাম সংসদে শুনানি/ তদন্তের কাজ শুরু করবার আগে, পৌঁছে দিতে হবে।

১৫। কম্প্যুটারে তথ্য লিপিবদ্ধ করবার পরে, নম্বর এবং পারস্পরিক তুলনামূলক অবস্থান সম্বলিত নূতন তালিকা গ্রাম পঞ্চায়েতের কার্যালয়ে এবং গ্রাম সংসদ এলাকায় একটি প্রকাশ স্থানে টাঙিয়ে দিতে হবে।